দৈনিক সংবাদ

71

তারিখ 29 MAR 1990
পৃষ্ঠা 72 কলাম 2

20

# বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার কোন যৌক্তিকতা নেই

——ভারপ্রাপ্ত উপাচার্য

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়া বলেছেন, ছাত্রছাত্রীদের নিরাপত্তা বিধানের নামে বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার কোন যৌক্তিকতা নেই।

তিনি গতকাল বুধবার বিভিন্ন দৈনিকের বিশ্ববিদ্যালয় সংবাদদাতাদের সাথে মত বিনিময় করছিলেন।

তিনি বলেন, সন্ত্রাস দমন এবং ছাত্রছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন ক্ষমতা নেই। এটা সরকারের দায়িত্ব। এ লক্ষ্যে জনমত সৃষ্টিরও প্রয়োজন রয়েছে।

উপাচার্য ক্ষোভের সাথে বলেন, বিশ্ববিদ্যালয়ে পালাক্রমে সন্ত্রাস ও হত্যাকাণ্ডের ফলে অনেক সম্ভাবনাময় তরুণ নিহত হয়েছে। হাজার হাজার ছাত্রের ভবিষ্যৎ আজ অনিশ্চিত অথচ এসবের বিরুদ্ধে অভিভাবকরা এখনো প্রতিরোধ গড়ে তুলছেন না, এটাই অবাক হবার ব্যাপার।

তিনি বিশ্ববিদ্যালয় খুলে দেয়া এবং ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার ব্যাপারে ছাত্র-শিক্ষক, অভিভাবকসহ সর্বস্তরের জনগণের সহযোগিতা কামনা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিগত উপাচার্যের সময়ের প্রশাসনিক অনিয়মের কথা উল্লেখ করে উপাচার্য বলেন, এবারে বিশ্ববিদ্যালয় খোলার পর ছাত্রছাত্রীরা ভিন্ন এক পরিবেশের সাথে পরিচিত হবে।